' জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট স্থাপন' শীর্ষক প্রকল্পের এর আওতায় কারিকুলাম প্রণয়নের নিমিত্ত কনসাল্টেশন ফার্ম/ দলের এর টার্মস অফ রেফারেন্স (TOR) :

১। ভুমিকা ও পটভুমি :

ক. শিল্প খাতে বাংলাদেশের অর্থনীতিতে একটি গুরুত্বপুর্ণ স্থান দখল করে আছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২০২০ সালের মধ্যে শিল্প খাতের অবদান ১২%থেকে ২০%এ উন্নীত করার লক্ষ্য স্থির করা হয়েছে। সুতরাং অর্থনৈতিক প্রবৃদ্ধি ও টেকসই উন্নয়নের জন্য শিল্প খাত অত্যন্ত গুরুত্বপুর্ণ।

খ. শ্রমিক কল্যাণ ও সুস্থ শ্রম পরিবেশ নিশ্চিতের মাধ্যমে জাতীয় অর্থনীতিকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে সরকারের বিভিন্ন কর্ম প্রচেষ্টা প্রশংসার দাবিদার। সুস্থ শ্রম পরিবেশ নিশ্চিতরকণ, মালিক-শ্রমিক সমন্বয় এবং শ্রম অধিকার সুনিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ শ্রম আইন,২০০৬ প্রণয়ন করা হয়েছে যা ২০০৯, ২০১০, ২০১৩ এবং সর্বশেষে ২০১৮ সালে সংশোধন করা হয়েছে।

গ. দেশের অধিকাংশ শিল্প কারখানায় শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়নি। বাংলাদেশে গত ৯ বছরে কর্মস্থলে পেশাগত দূর্ঘটনায় ১২ হাজার ২৬০ জন শ্রমিক নিহত হয়েছেন এবং ১৭ হাজার ১৮৩ জন শ্রমিক আহত হয়েছেন। মোট হতাহত হয়েছেন ২৯ হাজার ৮৮৩জন শ্রমিক। কর্মক্ষেত্রে স্বাস্থ্য সেবা এবং নিরাপত্তা সুবিধা প্রতিটি শ্রমিকের বৈধ এবং আইনগত অধিকার। শ্রমিকদেরকে একটি নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ প্রদান করা এবং কর্মক্ষেত্রে সর্বোচ্চ পেশাগত স্বাস্থ্য এবং নিরাপদ পরিবেশের অনুশীলন করা প্রত্যেক মালিকের নৈতিক ও আইনগত কর্তব্য ; এবং এর তদারকি বাংলাদেশ সরকারের দায়িত্ব।

ঘ. এ অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশের শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য ২০১৫ সালে মাননীয় প্রধানমন্ত্রী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় পরিদর্শনের সময় জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউশন স্থাপন সংক্রান্ত নির্দেশনা প্রদান করেন।

ঙ. এ নির্দেশনার ধারাবাহিকতা বাংলাদেশ সরকার "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষনা এবং প্রশিক্ষন ইনষ্টিটিউট স্থাপন প্রকল্প (NOHSRTI) শীর্ষক প্রকল্প গ্রহণ করে। প্রকল্পের উদ্দেশ্য সমূহ নিম্নরুপ :

দীর্ঘ মেয়াদী উদ্দেশ্য :

দেশে শিল্প কারাখানাসমূহের নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিতকরণ ও শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধি করা।

স্বল্প মেয়াদী উদ্দেশ্য :

- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষনা এবং প্রশিক্ষন ইনষ্টিটিউট স্থাপনের মাধ্যমে মালিক শ্রমিক সকলকে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সর্ম্পকে সুস্পষ্ট ধারণা প্রদান করা এবং এ বিষয়ে প্রতিরোধমুলক ব্যবস্থা গ্রহণে শ্রমিকদের সচেতন করা;
- পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় গবেষণা কাযক্রম পরিচালনা করা।

চ. এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হল কর্মপরিবেশ উন্নয়নে নিয়মিত পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান। প্রাথমিক ভাবে নিম্নোল্লেখিত বিষয় সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করা হবেঃ

MD. MOSHARRAF HOSSAIN
Deputy Secretary
Ministry of Labour & Employment
Govt. of the People's Republic of Bangladesh

আব্দুল মুমিন
সহকারী মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইডি নং-৪০৮, প্রধান কার্যালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

| ক্রমিক | কোর্সের শিরোনাম |
|---|---|
| ১ | Introduction to Occupational Safety and Health (Agriculture, Industry and Service Sector) |
| ২ | Industrial Safety and Hygiene |
| ৩ | Agriculture Safety and Health |
| ৪ | OSH of Service Sector |
| ৫ | Occupational Health Diseases, Disorder and Primary Treatment (First Aid) |
| ৬ | Occupational Rehabilitation |
| ৭ | Emergency and Fire Safety |
| ৮ | Construction and Structural Safety |
| ৯ | Electrical and Equipment Safety |
| ১০ | Radiation Safety |
| ১১ | Chemical Safety and Management |
| ১২ | Environment Toxicology and Environment Hygiene |
| ১৩ | Waste Management |
| ১৪ | Ergonomics |
| ১৫ | Hazard Control |
| ১৬ | Critical Incident Analysis |
| ১৭ | Statistics and Research Methodology, Calibration |
| ১৮ | Occupational Safety and Health law, Rules and Regulation |

ছ. NOHSRTI প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা 'কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর' উপরোক্ত ১৮টি বিষয়ে প্রশিক্ষণ পাঠ্যক্রম প্রস্তুত করার নিমিত্তে পরামর্শক নিয়োগ করবে।

জ. এ নথির মাধ্যমে প্রশিক্ষণ প্রস্তুত করার নিমিত্তে পরামর্শক নিয়োগ এর শর্তাদি উল্লেখ করা হয়েছে।

২। অধ্যয়নের উদ্দেশ্য সমূহঃ

ক. প্রতিটি প্রশিক্ষন বিষয় পাঠ্যক্রম প্রস্তুতির পরিস্তিতি বিশ্লেষণ (Situation Analysis) চাহিদা বিশ্লেষণ (Need Assessment) এবং অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis) সম্পন্ন করা।

খ. পরিস্থিতি বিশ্লেষণ(Situation Analysis) চাহিদা বিশ্লেষণ (Need Assessment) এবং অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis) এর আলোকে প্রশিক্ষণের ধরন, কাঠামো ও প্রশিক্ষণ সামগ্রী প্রস্তুত করা।

গ. প্রতিটি প্রশিক্ষণ বিষয়ের জন্য প্রশিক্ষণ পরিবিক্ষণ নীতি নির্ধারণ, পরিবিক্ষণ সামগ্রী প্রস্তুত ও পাঠ্যক্রম হালনাগাদকরনণের বিধি প্রণয়ন।

ঘ. প্রতিটি প্রশিক্ষণ বিষয়/কোর্সের মডিউল প্রণয়ন করা। তবে উল্লেখ থেকে যে, পরিস্থিতি বিশ্লেষণ (Situation Analysis) চাহিদা বিশ্লেষণ (Need Assessment) এবং অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis) এর ভিত্তিতে কোর্সের সংখ্যা বৃদ্ধি বা হ্রাস করা যেতে পারে।

৩। অধ্যয়নের ধরণ ও সংক্ষিপ্ত বর্ণনাঃ

কনসালটেন্ট টিম কে নিম্নলিখিত দায়িত্বসমূহ সম্পন্ন করতে হবেঃ

(ক) প্রশিক্ষন বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির পরিস্থিতির বিশ্লেষণ (Situation Analysis)

প্রশিক্ষন বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির এ পর্যায়ে প্রতিটি বিষয়ে দেশে ও আন্তর্জাতিক অঙ্গনে বিভিন্ন পাঠ্যক্রম বিশ্লেষন ও এর মাধ্যমে বাংলাদেশের পরিস্থিতির বিবেচনায় করণীয় নির্ধারণ করতে হবে। পরামর্শক কাজের প্রস্তাবনায় প্রশিক্ষন বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির পরিস্থিতি বিশ্লেষণ (Stuation Analysis) এর বিষদ পদ্ধতি প্রস্তাব করবে।

(খ) প্রশিক্ষণ বিষয়ে চাহিদা বিশ্লেষণ (Need Assessment)

পাঠ্যক্রম প্রস্তুতির এ পর্যায়ে বাংলাদেশের শ্রমবাজার ও তদসংশ্লিষ্ট স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক তথ্যাদি বিশ্লেষণ পূর্বক প্রতিটি প্রশিক্ষণ বিষয়ের চাহিদা বিশ্লেষণ (Need Assesement) করবে। পরামর্শক কাজের প্রস্তাবনায় প্রশিক্ষন বিষয়ে চাহিদা বিশ্লেষণ (Need Assesmen)এর বিষদ পদ্ধতি প্রস্তাব করবে।

MD. MOSHARRAF HOSSAIN
Deputy Secretary
Ministry of Labour & Employment
Govt. of the People's Republic of Bangladesh

আব্দুল মুমিন
অতিরিক্ত মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইডি নং-৫০৮, প্রধান কার্যালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

(গ) প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির অংশীজন বিশ্লেষণ(Need Assessment) পাঠ্যক্রম প্রস্তুতির এ পর্যায়ে সম্ভাব্য প্রশিক্ষণার্থী ধরন, সক্ষমতা, প্রশিক্ষক এর প্রাপ্যতা ইত্যাদির বিষদ বিশ্লেষণ করবে। পরামর্শক কাজের প্রস্তাবনায় অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis )এর বিষদ পদ্ধতি প্রস্তাব করবে।

(ঘ) প্রশিক্ষণের ধরন, কাঠামো ও প্রশিক্ষণ সামগ্রী প্রস্তুতি

পরামর্শক পরিস্থিতি বিশ্লেষণ, (Situation Analysis ) চাহিদা বিশ্লেষণ (Need Assessment) ও অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis) এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রতিটি প্রশিক্ষণ বিষয়ের জন্য স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদি প্রশিক্ষনের ধরন, কাঠামো ও প্রশিক্ষণ সামগ্রী প্রস্তুত করবে।

(ঙ) প্রশিক্ষণ পরিবিক্ষণ নীতি নির্ধারণ, পরিবিক্ষণ সামগ্রী প্রস্তুত ও পাঠ্যক্রম হালনাগাদকরণের বিধি প্রণয়ন, পরামর্শক পরিস্থিতি বিশ্লেষণ (Situation Analysis ) চাহিদা বিশ্লেষণ(Need Assessment ও অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis) এ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ও প্রশিক্ষণের ধরন, কাঠামো বিবেচনায় রেখে প্রতিটি প্রশিক্ষণ এর জন্য প্রশিক্ষণ পরিবিক্ষণ নীতি নির্ধারণ ও পরিবিক্ষণ সামগ্রী প্রস্তুত করবে। পরামর্শক কাজের প্রস্তাবনায় এ সংক্রান্ত বিষদ পদ্ধতি প্রস্তাব করবে।

(চ) প্রশিক্ষণ বিষয়/কোর্সের কারিকুলাম প্রণয়ন

পাঠ্যক্রম প্রস্তুতির এ পর্যায়ে প্রতিটি বিষয়ের জন্য একটি করে প্রশিক্ষণ বিষয়/কোর্সের মডিউল প্রস্তুত করবে যাতে উপরোক্ত ক থেকে ঙ উপধারায় বর্ণিত সকল বিষয় সন্নিবেশিত থাকবে।

৪। অধ্যয়ন পদ্ধতি

কনসালটেন্ট দল / প্রতিষ্ঠান উপরোল্লেখিত কাজসমূহের পদ্ধতিগত কাঠামো উল্লেখপূর্বক প্রস্তাব প্রদান করবে। প্রকল্পের Tecnical Evaluation Committee (TEC) যাচাই-বাছাই এর মাধ্যমে অধ্যয়নসমুহের পদ্ধতিগত কাঠামো নিশ্চিত করবেন।

৫। বাস্তবায়নকারী সংস্থা "কলকাখানা ও প্রতিষ্ঠান ও পরিদর্শন অধিদপ্তর" এর দাযিত্বঃ

ক। প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির কার্যক্রম এ সহায়তা করা;

খ। প্রযোজ্য ক্ষেত্রে ধারণাগত ও কারিগরি সহায়তা প্রদান।

গ। জরীপ কাজের সার্বিক তত্ত্বাবধান এবং পরামর্শক হিসেবে সহায়তা প্রদান।

৬. যে রিপোর্টগুলো জমা দিতে হবে

(১) প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির কার্যক্রম শুরুর প্রারম্ভিক প্রতিবেদন;
খসড়া প্রতিবেদন জমা দিতে হবে চুক্তি সম্পন্ন হবার ১৫ কর্ম দিবসের মধ্যে।

(২) প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির পরিস্থিতি বিশ্লেষণ (Situation Analysis Report) প্রতিবেদন;
খসড়া প্রতিবেদন জমা দিতে হবে চুক্তি সম্পন্ন হবার ৪০ কর্মদিবসের মধ্যে।
প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis Report);

(৩) প্রশিক্ষণ বিষয়ে পাঠ্যক্রম প্রস্তুতির অংশীজন বিশ্লেষণ (Stakeholder Analysis Report);
খসড়া প্রতিবেদন জমা দিতে হবে চুক্তি সম্পন্ন হবার ৫০ কর্মদিবসের মধ্যে।

(৪) প্রশিক্ষণ বিষয়ের চাহিদা বিশ্লেষণ (Need Assessment) প্রতিবেদন;
খসড়া প্রতিবেদন জমা দিতে হবে চুক্তি সম্পন্ন হবার ৬০ কর্মদিবসের মধ্যে।

(৫) প্রশিক্ষণ বিষয় /কোর্সের মডিউল প্রনয়ণ; খসড়া প্রতিবেদন জমা দিতে হবে চুক্তি সম্পন্ন হবার ৯০ কর্ম দিবসের মধ্যে।

(৬) সকল প্রতিবেদন এর চূড়ান্ত সংস্করণ জমাপ্রদান ;চুক্তি সম্পন্ন হবার ১২০ কর্মদিবসের মধ্যে।

৭.সময়সীমা: চুক্তি কার্যকর হওয়ার পর হতে ১২০ কর্মদিবসের এর মধ্যে সম্পূর্ণ কাজটি সম্পন্ন করতে হবে।

৮.পরামর্শক দল / প্রতিষ্ঠান এর প্রয়োজনীয় যোগ্যতা:

ক। একজন মুখ্য পরামর্শক,পরামর্শক দলের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন। মুখ্য পরামর্শক অবশ্যই ২৫ বছরের অধিক সময় যাবত কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞ হতে হবে এবং যার সরকারী প্রশিক্ষণ প্রদানের অভিজ্ঞতাসহ প্রশিক্ষন পাঠ্যক্রম প্রণয়নের বিস্তারিত অভিজ্ঞতা আছে।

MD. MOSHARRAF HOSSAIN
Deputy Secretary
Ministry of Labour & Employment
Govt. of the People's Republic of Bangladesh

আব্দুল মুমিন
সহকারী মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইডি নং-৪০৮, প্রধান কার্যালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

খ। পরামর্শক দলে পাঠ্যক্রম প্রস্তুতি বিশেষজ্ঞ, মুখ্য পেশাগত স্বাস্থ্য বিশেষজ্ঞ, পেশাগত নিরাপত্তা বিশেষজ্ঞ, পরিবেশবিদ, নির্মাণ, বৈদ্যুতিক, যান্ত্রিক, কেমিক্যাল প্রকৌশলী, মুখ্য অর্থনীতিবিদ, দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ইত্যাদি এবং ১ নং এর চ অনুযায়ী পাঠ্যক্রম প্রণয়নের জন্য প্রয়োজনীয় জনবল থাকবে।

গ। বিশেষজ্ঞ পরামর্শক বলতে স্ব-স্ব ক্ষেত্রে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ঘ। পরামর্শক প্রতিষ্ঠান/মুখ্য পরামর্শক এর অবশ্যই সরকারী কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

৯। প্রয়োজনীয় নথি

ক। একটি প্রযুক্তিগত প্রস্তাব (Technical Proposal) যাতে কাজের পদ্ধতিগত কাঠামো, কর্ম-পরিকল্পনা, পরামর্শক দলের সংক্ষিপ্ত বর্ণনা, পরামর্শকদের পরিচিতি এবং তাদের ভূমিকা এর বিস্তারিত উল্লেখ থাকবে।

খ। কাজটি সম্পন্ন করবার জন্য একটি বিস্তারিত বাজেট নির্ধারণ করে একটি পৃথক আর্থিক প্রস্তাব (Financial Proposal) , কর্ম পরিকল্পনানার সাথে সঙ্গতি রেখে পাবলিক প্রকিউরমেন্ট আইন,২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮অনুযায়ি প্রদান করতে হবে।

গ। Technical Proposal পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ি প্রদান করতে হবে।

ঘ। মুখ্যপরামর্শক/পরামর্শক সংস্থাকে নিম্নোক্ত নথি এর সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবেঃ

১। সংস্থার বাণিজ্য লাইসেন্স (হালনাগাদ), টিআইএন এবং ভ্যাট সার্টিফিকেট ;

২। সংস্থার ১ (এক) কোটি টাকার ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট

৩। সংস্থার ২ (দুই ) কোটি টাকার একক কাজের অভিজ্ঞতার প্রমান।

৪। সমধর্মী কাজে সংস্থার/মূখ্য পরামর্শক-এর অভিজ্ঞতার প্রমাণ।

৫। সরবরাহকৃত SRFP for hiring a consultancy firm অনুযায়ি,প্রয়োজনীয় সকল তথ্যাদি পাবলিক প্রকিউরমেন্ট আইন,২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধি,২০০৮ অনুযায়ি প্রদান করতে হবে।

26.1.20

MD. MOSHARRAF HOSSAIN
Deputy Secretary
Ministry of Labour & Employment
Govt. of the People's Republic of Bangladesh

আব্দুল মুমিন
সহকারী মহাপরিদর্শক (সেফটি)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
আইডি নং-৪০৮, প্রধান কার্যালয়
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শিবনাথ রায়
(অতিরিক্ত সচিব)
মহাপরিদর্শক
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

MD. ABDUL AWAL
Assistant Inspector General (Safety)
Department of Inspection for Factories & Establishments
Ministry of Labour & Employment
Govt of the People's Republic of Bangladesh